বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অধ্যক্ষের কার্যালয়**

সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

Website: www.blcollege.edu.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

ফোন: +৮৮-০৪১-৭৬২৯৪৪

e-mail: infoblcollege@gmail.com


# ২০২১ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি

**বিঃ দ্রঃ ইনকোর্স পরীক্ষা ছাড়া কোন পরীক্ষার্থী পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে পারবে না।**

৩য় বর্ষ অনার্স পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nubd.info/honours থেকে A4 Size এর পেপারে প্রিন্ট করতে হবে।

**আবেদন ফরম জমার তারিখ:** আবেদন ফরম জমাদানের পূর্বের দিন বিভাগ থেকে স্বাক্ষর করে অনিয়মিত, অকৃতকার্য ও মানোন্নয়ন পরীক্ষার আবেদন ফরম প্রশাসনিক ভবনে জমা দিতে হবে। মানোন্নয়ন পরীক্ষার আবেদন ফরম প্রশাসনিক ভবনের পিছনে ৪, ৫, ৬, ৭ নম্বর কাউন্টারে জমা দিতে হবে।

(ক) অনিয়মিত,অকৃতকার্য ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের বেতন বহির মাধ্যমে প্রশাসনিক ভবনে জমা দিতে হবে।

| অনার্স বিষয় | তারিখ ও সময় |
|---|---|
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসঃ ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পদার্থ, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, গণিত, ভূগোল, পরিসংখ্যান, মনোবিজ্ঞান | ০৮.০১.২০২৩ হতে ১৮.০১.২০২৩ তারিখ পর্যন্ত সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতিত) |

(১) **অনিয়মিত পরীক্ষার্থীদের ফিসাদি:** বিশ্ববিদ্যালয়ের ফিস বাদে (কলেজের অংশ) অনিয়মিত (যারা আদৌ পরীক্ষার আবেদন ফরম পূরণ করেনি) অনলাইন ফিস বাদে (কলেজের অংশ) বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসঃ ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স = ২৯৩৩/-, পদার্থবিদ্যা, উদ্ভিদ, প্রাণি, গণিত, মনোবিজ্ঞান=৩০৮৮/-, রসায়ন= ৩২৯৩/-, ভূগোল= ৩১৬৩/-, পরিসংখ্যান= ৩৩৫৩/- টাকা।

(২) **অকৃতকার্য বিজ্ঞান বিষয়:** পদার্থবিদ্যা, উদ্ভিদ, প্রাণি, গণিত, মনোবিজ্ঞান ৮পত্র হলে ৭০৫/=, রসায়ন ৯পত্র হলে ৯১০/=, ভূগোল ৮পত্র হলে ৭৮০/= পরিসংখ্যান ১০পত্র হলে ১০২০/=,

(৩) অকৃতকার্য/ মানোন্নয়ন ছাত্র-ছাত্রীদের আবেদন ফরমে বিশ্ববিদ্যালয়ের অংশ + কলেজের অংশ (৫০০/- টাকা) দুইটা মিলে প্রশাসনিক ভবনের কাউন্টারে জমা দিতে হবে।এক পত্র, দুই পত্র, তিন পত্র, চার পত্র, পাঁচ পত্র, ছয় পত্র ও সাত পত্রের মধ্যে ব্যবহারিক পরীক্ষার কোড থাকলে ব্যবহারিক পরীক্ষার সময় ব্যবহারিক ফিস স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

(খ) নিয়মিত শিক্ষার্থী (২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ): অনলাইন ফরম পূরণের আবেদন স্ব স্ব বিভাগে জমা হবে।

| অনার্স বিষয় ও ফিস | তারিখ ও সময় |
|---|---|
| পরীক্ষার্থীদের ফিসাদি: বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসঃ ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স = ৫০৩৩/-, পদার্থবিদ্যা, উদ্ভিদ, প্রাণি, গণিত, মনোবিজ্ঞান ৫১৮৮/-, রসায়ন=৫৬৪৩/-, ভূগোল =৫২৬৩/-, পরিসংখ্যান ৫৯৫৩/- টাকা। | ১৯.১২.২০২২ হতে ১৮.০১.২০২৩ তারিখ পর্যন্ত সকাল ১০ টা থেকে দুপুর ২টা পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতিত) |
| নিয়মিত শিক্ষার্থীদের পরীক্ষার ফিস সোনালী ই-সেবা পে-স্লিপের মাধ্যমে জমা হবে। | |

(ক) নিয়মিত (শুধুমাত্র ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ) পরীক্ষার্থীরা **"Sonali eSheba"** মোবাইল অ্যাপের **"National University Fees"** মেন্যু থেকে **'Form Fill-up'** সিলেক্ট করে অথবা **https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/FormFillUp** লিংকে প্রবেশ করে **'Honours'** সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে। ফি পরিশোধের পর প্রাপ্ত **Payment Slip** সংগ্রহ করতে হবে।

(খ) নিয়মিত শিক্ষার্থীর পরীক্ষার ফি অনলাইনে পরিশোধের পর প্রাপ্ত পে-স্লিপের মূল কপি আবেদন ফরমের সাথে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। জমাকৃত পে-স্লিপে রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষার্থীর নাম এবং টাকা অংক সঠিকভাবে যাচাই করতে হবে। জমাকৃত পে-স্লিপ কলেজ অংশ পরীক্ষার আবেদন ফরমের সাথে থাকবে এবং শিক্ষার্থীর অংশ বিভাগের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক কর্তৃক স্বাক্ষর ও সীল দিয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে দিতে হবে।

**পাঠ্যসূচি: জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৬-২০১৭ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে।**

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী: জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১১.১২.২০২২ তারিখের পরীক্ষার আবেদন ফরমপূরণের বিজ্ঞপ্তির ক্রমিক নং-২ এর অনুচ্ছেদ- 'ক, খ, গ' শিক্ষার্থীর পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় যোগ্যতা।

নিয়মিত/ অনিয়মিত পরীক্ষার্থীদের পরীক্ষার আবেদন ফরমের সাথে ২য় বর্ষ অনার্স পরীক্ষার প্রবেশপত্র, রেজিস্ট্রেশন ও ফলাফল সিটের ফটোকপি জমা দিতে হবে। অকৃতকার্য/ মানোন্নয়ন পরীক্ষার্থীদের ৩য় বর্ষের অনার্স পরীক্ষার প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফল সিটের ফটোকপি জমা দিতে হবে।

বি: দ্র: ৩য় বর্ষ অনার্স পরীক্ষার আবেদন ফরম অনলাইনে ডাটা এন্ট্রির শেষ তারিখ ২২.০১.২০২৩ খ্রি.। উক্ত তারিখের মধ্যেই পরীক্ষার আবেদন অনলাইনে এন্ট্রি করার পর ০১ সেট বিবরণী বিভাগীয় প্রধানের স্বাক্ষরপূর্বক ২৩.০১.২০২৩ তারিখ সকাল ১০ টার মধ্যে কলেজের ক্যাশ শাখায় জমা দেয়ার ব্যবস্থা করতে বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানানো হলো। অনিয়মিত/ মানোন্নয়ন পরীক্ষার আবেদন ফরম কলেজ অফিস হতে ১৯.০১.২০২৩ তারিখ অনলাইন এন্ট্রির জন্য গ্রহণ করতে হবে এবং পরীক্ষার আবেদন ফরম ফলাফল প্রকাশের পর ০৬ মাস পর্যন্ত বিভাগে সংরক্ষণ করতে হবে।

12/12/2022

**(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)**

**অধ্যক্ষ**

**সরকারি ব্রজলাল কলেজ, খুলনা**

12.12.22

12.12.22

E:\Brajalal College, Khulna\Notice Folders\Notice For 2021 3rd Year Hons Form Fill up Regular 12122022.doc

# ২০২১ সালের ৩য় বর্ষ নিয়মিত অনার্স পরীক্ষার ফিসের বিস্তারিত বিবরণ (অনলাইন ফিসের জন্য)

শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ (২০১৩-২০১৪ সিলেবাস অনুযায়ী)

| ক্রমিক নং | বিষয় | | | বিশ্ববিদ্যালয় এর ফিস | | | | কলেজের অংশ | | | | | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পূর্ণপত্র সংখ্যা | ব্যবহারিক পত্র | পরীক্ষার ফিস | ব্যবহারিক ফিস | ইনকোর্স ফিস | মোট ফিস | বেতন ও সেশন চার্জ | কেন্দ্র ফিস | নির্বাচনি ফিস | ইনকোর্স ফিস | ব্যবহারিক ফিস | ব্যবস্থাপনা ফিস | কলেজের প্রাপ্য | |
| ০১। | বাংলা | ৮ | | ২০০০.০০ | | ১০০.০০ | ২১০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৪০০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৩৩.০০ | ৫০৩৩.০০ |
| ০২। | ইংরেজি | ৮ | | ২০০০.০০ | | ১০০.০০ | ২১০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৪০০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৩৩.০০ | ৫০৩৩.০০ |
| ০৩। | রাষ্ট্রবিজ্ঞান | ৮ | | ২০০০.০০ | | ১০০.০০ | ২১০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৪০০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৩৩.০০ | ৫০৩৩.০০ |
| ০৪। | অর্থনীতি | ৮ | | ২০০০.০০ | | ১০০.০০ | ২১০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৪০০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৩৩.০০ | ৫০৩৩.০০ |
| ০৫। | সমাজবিজ্ঞান | ৮ | | ২০০০.০০ | | ১০০.০০ | ২১০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৪০০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৩৩.০০ | ৫০৩৩.০০ |
| ০৬। | সমাজকর্ম | ৮ | | ২০০০.০০ | | ১০০.০০ | ২১০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৪০০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৩৩.০০ | ৫০৩৩.০০ |
| ০৭। | ইতিহাস | ৮ | | ২০০০.০০ | | ১০০.০০ | ২১০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৪০০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৩৩.০০ | ৫০৩৩.০০ |
| ০৮। | ইসঃ ইতিহাস | ৮ | | ২০০০.০০ | | ১০০.০০ | ২১০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৪০০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৩৩.০০ | ৫০৩৩.০০ |
| ০৯। | দর্শন | ৮ | | ২০০০.০০ | | ১০০.০০ | ২১০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৪০০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৩৩.০০ | ৫০৩৩.০০ |
| ১০। | হিসাববিজ্ঞান | ৮ | | ২০০০.০০ | | ১০০.০০ | ২১০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৪০০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৩৩.০০ | ৫০৩৩.০০ |
| ১১। | ব্যবস্থাপনা | ৮ | | ২০০০.০০ | | ১০০.০০ | ২১০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৪০০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৩৩.০০ | ৫০৩৩.০০ |
| ১২। | মার্কেটিং | ৮ | | ২০০০.০০ | | ১০০.০০ | ২১০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৪০০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৩৩.০০ | ৫০৩৩.০০ |
| ১৩। | ফিন্যান্স | ৮ | | ২০০০.০০ | | ১০০.০০ | ২১০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৪০০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৩৩.০০ | ৫০৩৩.০০ |
| ১৪। | পদার্থবিদ্যা | ৭ | ১ | ১৭৫০.০০ | ২৫০.০০ | ১০০.০০ | ২১০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ২০৫.০০ | ৫০.০০ | ৩০৮৮.০০ | ৫১৮৮.০০ |
| ১৫। | রসায়ন | ৭ | ২ | ১৭৫০.০০ | ৫০০.০০ | ১০০.০০ | ২৩৫০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ৪১০.০০ | ৫০.০০ | ৩২৯৩.০০ | ৫৬৪৩.০০ |
| ১৬। | উদ্ভিদবিদ্যা | ৭ | ১ | ১৭৫০.০০ | ২৫০.০০ | ১০০.০০ | ২১০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ২০৫.০০ | ৫০.০০ | ৩০৮৮.০০ | ৫১৮৮.০০ |
| ১৭। | প্রাণিবিদ্যা | ৭ | ১ | ১৭৫০.০০ | ২৫০.০০ | ১০০.০০ | ২১০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ২০৫.০০ | ৫০.০০ | ৩০৮৮.০০ | ৫১৮৮.০০ |
| ১৮। | গণিত | ৭ | ১ | ১৭৫০.০০ | ২৫০.০০ | ১০০.০০ | ২১০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ২০৫.০০ | ৫০.০০ | ৩০৮৮.০০ | ৫১৮৮.০০ |
| ১৯। | মনোবিজ্ঞান | ৭ | ১ | ১৭৫০.০০ | ২৫০.০০ | ১০০.০০ | ২১০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ২০৫.০০ | ৫০.০০ | ৩০৮৮.০০ | ৫১৮৮.০০ |
| ২০। | ভুগোল | ৭ | ১ | ১৭৫০.০০ | ২৫০.০০ | ১০০.০০ | ২১০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ২৮০.০০ | ৫০.০০ | ৩১৬৩.০০ | ৫২৬৩.০০ |
| ২১। | পরিসংখ্যান | ৬ | ৪ | ১৫০০.০০ | ১০০০.০০ | ১০০.০০ | ২৬০০.০০ | ১৮৩৩.০০ | ৪৫০.০০ | ৩০০.০০ | ২০০.০০ | ৫২০.০০ | ৫০.০০ | ৩৩৫৩.০০ | ৫৯৫৩.০০ |

12/12/2022

(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)

অধ্যক্ষ

সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

22-12-22 12.12.22

E:\Brajalal College, Khulna\Cash Dept File\Account File\2021 3rd Year Hons. Regular Fess Description 12122022.doc

# পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

## জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

www.nu.ac.bd অথবা www.nubd.info/honours

স্মারক নং-জাতীঃবিঃ/পনি/অনার্স পার্ট-৩/বিজ্ঞপ্তি/০২(অংশ-২)/২০২১/২০২২/১৬৪৫ তারিখ ঃ ১১/১২/২০২২

# বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষার (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) আবেদন ফরম পূরণ (২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী) সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। পরীক্ষার আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ, আনুষঙ্গিক নিয়ম এবং শর্তাবলী নিম্নরূপ:

| ক্রমিক নং | পরীক্ষার্থীদের ফি-এর বিবরণ | টাকা | আবেদন ফরম, বিবরণী ফরম পূরণের শুরু ও শেষ তারিখ | ডাটা এন্ট্রির শেষ তারিখ | সোনালী সেবার মাধ্যমে টাকা জমাদানের শুরু ও শেষ তারিখ |
|---|---|---|---|---|---|
| ১. | তত্ত্বীয় (প্রতি পূর্ণ কোর্স) -বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২৫০/- | ১৯/১২/২০২২ হতে ১৯/০১/২০২৩ | ২২/০১/২০২৩ | ২৩/০১/২০২৩ হতে ২৫/০১/২০২৩ |
| ২. | তত্ত্বীয় (প্রতি অর্ধ কোর্স) -বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | | | |
| ৩. | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) -বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২৫০/- | | | |
| ৪. | ইন-কোর্স পরীক্ষা ফি (প্রতি পরীক্ষার্থী)<br>i) বিশ্ববিদ্যালয়ে জমা হবে ১০০/-<br>ii) কলেজ ফান্ডে জমা হবে ২০০/- | ৩০০/- | | | |
| ৫. | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)-কলেজে জমা হবে কলেজের অংশ- ১৫০/-, কেন্দ্রের অংশ- ৩০০/- | ৪৫০/- | | | |
| ৬. | কেন্দ্র ফি ব্যবহারিক(প্রতি পরীক্ষার্থী কোর্স প্রতি)-কলেজে জমা হবে | ১৫০/- | | | |
| ৭. | বিশেষ অন্তর্ভূক্তি ফি (গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন পরীক্ষার্থীর জন্য কোর্স প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী - বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ৩০০/- | | | |

বিঃ দ্রঃ বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট কলেজে সংরক্ষণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করতে হবে। ফরম পূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন প্রকার সুযোগ নাই।

## আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমার ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলী :

**১। অনলাইনে আবেদন ফরম পূরণ :**

আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.nubd.info/honours** - এ **গিয়ে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম যথাযথ ভাবে পূরণ এবং ডাউনলোড করে প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ফিসহ স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।**

**২। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :**

ক) নিয়মিত: ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইট-এ দেয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

খ) অনিয়মিত: ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (সেশন ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮) ইতোপূর্বে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে অনার্স তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করবে।

গ) গ্রেড উন্নয়ন: জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে (২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০) সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/ প্রমোটেড হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদের সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০২০ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় একজন শিক্ষার্থী এক বা দুটি কোর্সে C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে **একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে**। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় বা পরীক্ষায় অংশগ্রহণ না করে তাহলে ঐ কোর্সে তাঁর পূর্বের গ্রেড বহাল থাকবে।

৩। অনার্স পাঠ্যসূচী (Syllabus):

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

**খ) তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের নূন্যতম যোগ্যতা :**

- তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের জন্য শিক্ষার্থীকে সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। সকল বিষয়ে অংশগ্রহণ করে **কমপক্ষে চারটি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশি গ্রেড অর্জন করতে হবে** তৎসঙ্গে ব্যবহারিক কোর্সে উত্তীর্ণ হতে হবে।
- ০১ টি কোর্সে অনুপস্থিত থেকে অন্যান্য সকল কোর্সে D গ্রেড বা এর বেশি গ্রেড পেলে তার ফলাফল Conditional promoted হবে। এরুপ শিক্ষার্থীরা ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় উক্ত অনুপস্থিত কোর্সে অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
- একের অধিক কোর্সে অনুপস্থিত হলে অথবা একটি কোর্সে অনুপস্থিত থেকে অন্য একটি কোর্সে F গ্রেড পেলে Promotion হবে না, তার ফলাফল Not promoted হবে।
- Promoted /Not promoted প্রাপ্ত শিক্ষার্থীরা পরবর্তী বছর অনুপস্থিত পত্র ও F গ্রেড পাওয়া কোর্সে/কোর্সসমূহে পরীক্ষা দেবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত (সর্বোচ্চ দু'টি) কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- সংশোধিত পরীক্ষা রেগুলেশন অনুযায়ী একজন পরীক্ষার্থী F গ্রেড পাওয়া কোর্স/কোর্সসমূহ উচ্চতর গ্রেডে উন্নয়নের জন্য রেজিস্ট্রেশন মেয়াদে (শুরু থেকে সাত শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে সে ক্ষেত্রে গ্রেড উন্নয়নের সুযোগ থাকবে না। F গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে পরবর্তীতে পরীক্ষার মাধ্যমে উন্নীত করার ক্ষেত্রে ফলাফল যাই হোক না কেন একজন পরীক্ষার্থী সর্বোচ্চ B+ গ্রেড এর বেশি প্রাপ্ত হবে না।
- ইন-কোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নীত করণের কোন সুযোগ নাই।

**৪। কলেজের জন্য করণীয় :**

ক) যে সকল পরীক্ষর্থী ২০২১ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের (সম্ভাব্য তালিকা) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেয়া আছে। পরীক্ষার্থীদের পূরণকৃত আবেদন ফরম সঠিক ভাবে হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable list) এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে **www.nubd.info/honours** এ College Login-এ প্রবেশ করে নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log in-এর জন্য ওয়েবসাইটে College Profile-কিংবা তথ্য প্রযুক্তি (আইসিটি) থেকে User ID & Password সংগ্রহ করা যাবে। ফরম পূরণের যোগ্যতা আছে কিন্তু সম্ভাব্য তালিকায় নাই এমন কোন শিক্ষার্থী থাকলে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট শাখা/ তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তরে যোগাযোগ করে সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় অন্তর্ভুক্ত করে ফরমপূরণের ব্যবস্থা নিতে হবে।

খ) সকল পরীক্ষার্থীদের ইন-কোর্স নম্বর সঠিকভাবে এন্ট্রি দিয়ে নির্দিষ্ট তারিখের মধ্যে অবশ্যই নিশ্চয়ন করতে হবে।

গ) নিশ্চয়ন সম্পন্ন হলে Online এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে। প্রিন্ট কপিতে প্রথমে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

ঘ) অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষা বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

ঙ) নিশ্চয়নের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো। ফরমপূরণ করা কোন পরীক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় বা একজনের পরিবর্তে অন্য জনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হবে। নিশ্চয়নের পর ফরম পূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ করা হবে না। শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লেখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তাঁর আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

**৫। ফি জমাদানের পদ্ধতি :**

ক) ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) পরীক্ষার্থীদের ফি সোনালী সেবার মাধ্যমে প্রদান করতে হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://.nu.ac.bd) এর Service -মেনুতে গিয়ে Sonali Seba-এ গিয়ে College code দিয়ে Submit-এ ক্লিক করে নির্দিষ্ট পে-স্লিপ ডাউনলোড করে উল্লিখিত ফিসহ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিতে হবে।

খ) pay slip সংগ্রহের জন্য ২৩/০১/২০২৩ তারিখ সকাল ১০.০০ টা থেকে ২৫/০১/২০২৩ তারিখ বিকাল ০৩.০০টা পর্যন্ত Link active থাকবে। **নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে** pay slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

গ) "সোনালী সেবা" সংক্রান্ত প্রয়োজনে ০১৮৬৭০৬৫১১১ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

**৬। বিবরণী ফরম জমাদানের নিয়মাবলী :**

ক) বিবরণী ফরমের ডাটা সঠিকভাবে এন্ট্রি প্রিন্টআউট নিয়ে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষর হওয়ার পর অনার্স বিষয়ভিত্তিক সংরক্ষণ উপযোগী বাঁধাই করে তার উপর কলেজের নাম ও অনার্স বিষয়ের নাম সুস্পষ্ট করে লিখে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে এবং তার ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে। বাঁধাইকৃত বিবরণী ফরম **উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স তৃতীয় বর্ষ শাখা/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে হাতে হাতে জমা দিতে হবে।**

**খ) আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা :**

| | | |
|---|---|---|
| **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র, রাজশাহী**<br>বাড়ী # ৩৫৪, বালিয়া পুকুর, বড় বটতলা, ঘোড়ামারা, রাজশাহী-৬১০০।<br>ফোনঃ ০৭২১-৭৬২১৪১ | **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলি কেন্দ্র, চট্টগ্রাম**<br>বাড়ি নং ৬৬/ডি, রোড নং ০১ (জামে মসজিদ সংলগ্ন), দক্ষিণ খুলশি, চট্টগ্রাম-৪০০০।<br>ফোনঃ ০৩১-২৫১৫৭২৪, ০১৭১৩০১৮৭৭৮ | **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র, সিলেট**<br>আহাদ ভিলা,পাঠানটুলা পয়েন্ট, সিলেট-৩১০০<br>ফোনঃ ০৮২১-৭২৯১০২, ০১৭৩০৭৯৫৮৯৭ |
| **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র, খুলনা**<br>বাড়ী # ২৭৭, রোড # ০১, সোনাডাঙ্গা, কেডিএ আবাসিক এলাকা (ফেজ-২), খুলনা-৯১০০।<br>ফোনঃ ০৪১-৭৩১৬৭৩, ০৪১-৭২৫২৯১, | **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র, বরিশাল**<br>বাড়ীর নাম- রেইন ফরেস্ট, হোল্ডিং নং # ১০০০, ওয়ার্ড # ১২, মেডিক্যাল লেন, দক্ষিণ আলেকান্দা, বরিশাল-৮২০০।<br>ফোনঃ ০৪৩১-৬১১৬৮ | **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র, রংপুর**<br>বাড়ী # ৩৯০, জি এল রায় রোড, কামাল কাছনা, রংপুর ৫৪০০।<br>ফোনঃ ০৫২১-৫৬০১৫ |
| **ঢাকা ও ময়মনসিংহ বিভাগের জন্যঃ পরীক্ষা বিভাগ, অনার্স তৃতীয় বর্ষ শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, গাজীপুর। ফোনঃ ০২-৯৯৬৬৯১৫৪১** | | |

**৭। ইন-কোর্স নম্বর প্রেরণ :**

কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের প্রতিটি পত্রের ইন-কোর্স নম্বর আবেদন ফরম পূরণের সময়েই নির্ধারিত সফট্ওয়্যারের Online এ পরীক্ষার্থীদের রোল নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবেন। প্রেরিত নম্বরের প্রিন্ট কপি যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে গালাসিল করে বিবরণী জমা দেয়ার সময়ই উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স তৃতীয় বর্ষ শাখায় হাতে হাতে জমা দিতে হবে এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

**৮। ব্যবহারিক নম্বর প্রেরণ :**

**ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময় যথাসময়ে জানানো হবে। ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক বা অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের জন্য বিশ্ববিদ্যালয় হতে কোন অর্থ প্রদান করা হবে না।** ওয়েব সাইটে নির্দিষ্ট সফ্টওয়ার এবং তার নির্দেশনা অনুযায়ী ব্যবহারিক নম্বর প্রেরণ করতে হবে। নির্দিষ্ট সফ্টওয়ারে পরীক্ষার্থীর নাম, রোল নম্বর, রেজিঃ নম্বর এবং প্রাপ্ত মোট নম্বর এন্ট্রি হওয়ার পর অনার্স বিষয় ভিত্তিক ০২ (দুই) কপি প্রিন্ট নিতে হবে। উক্ত প্রিন্ট কপি দুইটি বিভাগীয় প্রধান, অভ্যন্তরীণ ও বহিঃ পরীক্ষকের স্বাক্ষর হওয়ার পর এক কপি **উপ-পরীক্ষা নিয়ন্ত্রক অনার্স তৃতীয় বর্ষ শাখায়** হাতে হাতে জমা দিতে হবে এবং অন্য কপিটি কলেজ সংরক্ষণ করবেন।

**৯। পরীক্ষা পরিচালনা ব্যয় নির্বাহ :**

ক) কেন্দ্র ফি বাবদ প্রাপ্ত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষা পরিচালনার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। জাতীয় বিশ্ববিদ্যালয় হতে উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য কাগজপত্র ও দ্রব্যাদি গ্রহণ করার প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে নির্বাহ করতে হবে। কেন্দ্র ফি ৪৫০/-টাকার মধ্যে ৩০০/-টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে) নিকট পরীক্ষা অনুষ্ঠানের ০৩ (তিন) দিন পূর্বেই ০১ কপি রোল বিবরণীসহ জমা দিতে হবে। অবশিষ্ট ১৫০/-টাকা দ্বারা সংশ্লিষ্ট কলেজের পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক বা অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের জন্য বিশ্ববিদ্যালয় হতে কোন অর্থ প্রদান করা হবে না।

খ) ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব কলেজে (প্রয়োজনীয় সংখ্যক পরীক্ষার্থী থাকা সাপেক্ষে) অনুষ্ঠিত হবে। সেক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট কলেজ ব্যবহার করবেন। ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময় তত্ত্বীয় পরীক্ষা শেষে যথা সময়ে জানানো হবে।

পরীক্ষার সময়সূচী ও অন্যান্য যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.nubd.info/honours** অথবা **www.nu.ac.bd** থেকে জানা যাবে।

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং-জাতীঃবিঃ/পনি/অনার্স পার্ট-৩/বিজ্ঞপ্তি/০২(অংশ-২)/২০২১/২০২২/ ১৬৪৫ তারিখ ঃ ১১/১২/২০২২

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :**

১। ডীন (সকল), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
২। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৩। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৪। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
(বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
(জাতীয় দৈনিক পত্রিকায় এবং ইলেকট্রনিক মিডিয়ায় বিজ্ঞপ্তিটি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৬। পরিচালক, আঞ্চলিক কেন্দ্র পরিচালন দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
(সকল আঞ্চলিক কেন্দ্র-কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
৭। অধ্যক্ষ, অনার্স পাঠদানকারী কলেজসমূহ।
(সংশ্লিষ্ট সকলকে জরুরীভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
৮। সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৯। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১০। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১১। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১২। ম্যানেজার, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, গাজীপুর।
১৩। অফিস কপি।

(সরকার মোহাম্মদ এরশাদ)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
অনার্স তৃতীয় বর্ষ
জাতীয় বিশ্ববিদ্যালয়
ফোন ০২-৯৯৬৬৯১৫৪১